

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৮. ফাতওয়া প্রদানে অনীহা

بَابُ كَرَاهِيَة الْفُتْيَا

আরবী

أَخْبَرَنَا الْعَبَّاسُ بْنُ سُفْيَانَ، أَنبَأْنَا زَيْدُ بْنُ حُبَابٍ، أَخْبَرَنِي رَجَاءُ بْنُ أَبِي سَلَمَةَ، قَالَ: حَدَّتَنِي خَالِدُ بْنُ حَازِمٍ، عَنْ هِشَامِ بْنِ مُسْلِمِ الْقُرَشِيِّ، قَالَ: كُنْتُ مَعَ ابْنِ مُحَيْرِيزٍ بِمَرْجِ لَكَّيْبَاجٍ فَرَأَيْتُ مِنْهُ خَلْوَةً، فَسَأَلْتُهُ عَنْ مَسْأَلَةٍ فَقَالَ لِي: مَا تَصِنْنَعُ بِالْمَسَائِلِ؟ قُلْتُ: لَوْلَا الدِّيبَاجِ فَرَأَيْتُ مِنْهُ خَلْوَةً، فَسَأَلْتُهُ عَنْ مَسْأَلَةٍ فَقَالَ لِي: مَا تَصِنْنَعُ بِالْمَسَائِلِ؟ قُلْتُ: لَوْلَا الْمُسَائِلُ، لَذَهَبَ الْعِلْمُ، إِنَّهُ لَا يَذْهَبُ الْعِلْمُ مَا قُرِىً الْقُرْآنُ، وَلَكَ لَوْلًا لَكُونُ لَوْ قُلْتَ يَذْهَبُ الْعِلْمُ مَا قُرِيً الْقُرْآنُ،

إسناده ضعيف

বাংলা

১৩০. হিশাম ইবনু মুসলিম আল কুরাশী থেকে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনু মুহাইরিয রাহিমাহুল্লাহ'র সাথে একটি রেশমী বস্ত্রের মত (মনোরম দর্শনীয়) উপত্যকায়[1] ছিলাম, সেখানে আমি তার একটি নির্জন বৈঠকখানা (খালওয়া) দেখলাম। তখন আমি তাঁকে একটি মাস'আলা জিজ্ঞেস করলাম। উত্তরে তিনি আমাকে বললেন, এত প্রশ্ন করো কেন? আমি বললাম, যদি প্রশ্ন না করা হয়, তবে ইলম তো উঠে যাবে। তিনি বলেন, 'ইলম উঠে যাবে' বলো না। ইলম ততক্ষণ পর্যন্ত উঠে যাবে না, যতক্ষণ পর্যন্ত কুরআন পাঠ করা হবে। বরং তুমি যদি বলতে, ফিকহ উঠে যাবে (তবে সেটাই যথায়থ হত)।[2]

ফুটনোট

[1] একটি দর্শনীয় মনোরম উপত্যকা। একটি উপত্যকা, পাহাড়ের মাঝ আমোদস্থল। (এর এবং স্যাঁতসেতে অঞ্চলের (নদী অববাহিকা) মাঝে দশ মাইলের দূরত্ব বিদ্যমান- ফতহুল মান্নান, অত্র হাদীসের ব্যাখ্যা দেখুন।- অনুবাদক)



[2] তাহকীক: এর সনদ যয়ীফ।

তাখরীজ: ইবনু আসাকীর ৩৮/৪০৬; আবু নুয়াইম হিলইয়া ৫/১৪১।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন